তারিখ 11 JUN 1994
পৃষ্ঠা ১ কলাম ৮

দৈনিক সংবাদ

115

কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

# বাজেটে শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দের দাবি শুভংকরের ফাঁকি

বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ডঃ আখতারুজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যাপক শফিউল আলম প্রস্তাবিত বাজেটে শিক্ষাখাত : পৃঃ ৮ কঃ ৮

## শিক্ষাখাত : শুভংকরের ফাঁকি

( ১ম পৃষ্ঠার পর )

শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দের বিষয়টিকে 'শুভংকরের ফাঁকি' উল্লেখ করে বলেছেন।

সরকার ১৯৯৪-৯৫ সালের বাজেটে শিক্ষাখাতে ১৮৭৬ কোটি টাকার সর্বোচ্চ বরাদ্দের কথা ঘোষণা দিয়েছেন। একইভাবে ১৯৯৩-৯৪ সালের বাজেটেও এই বরাদ্দ ১৮২৪ কোটি টাকা দেখিয়ে সর্বোচ্চ হিসেবে ঘোষণা দেয়া হয়েছিল। এই ক্ষেত্রে মূল বাজেট থেকে এবারের বৃদ্ধি হচ্ছে ৫২ কোটি টাকা। তাহলে গত কয়েক মাস ধরে এবং সরকারি প্রেসনোটেও বেসরকারি শিক্ষকদের জন্য অতিরিক্ত যে ১৫৮ কোটি টাকার বরাদ্দ দেয়ার কথা বলা হয়েছে তা নিয়ে শিক্ষাখাতে সংশোধিত বাজেটে বরাদ্দ দাঁড়ানোর কথা ১৮২৪+১৫৮=১৯৮২ কোটি টাকা। কিন্তু ১৯৯৪-৯৫-এ ঘোষিত বাজেটে ১৯৯৩-৯৪ সালের সংশোধিত বাজেট বরাদ্দ দেখানো হয়েছে ১৭৫৬ কোটি টাকা। যা মূল বাজেট থেকেও ৬৮ কোটি টাকা কম।

কাজেই দেখা যাচ্ছে সরকারের এই বাজেট শিক্ষাখাতের ব্যয় বরাদ্দের বিষয়ে বিরাট 'শুভংকরের ফাঁকি রয়েছে'। সরকার কর্তৃক ঘোষিত ইতিমধ্যেই অতিরিক্ত ১৫৮ কোটি টাকা ব্যয় ইত্যাদি সত্ত্বেও মূল ১৯৯৩-৯৪ সালের বাজেট অতিক্রম করেনি। কাজেই শুভংকরের এই ফাঁকি বন্ধ করে অবিলম্বে বেসরকারি শিক্ষকদের দাবিতে বেতনের সরকারি অংশের ১০০% ব্যয়ভার সরকার কর্তৃক বহন করার লক্ষ্যে অতিরিক্ত প্রয়োজনীয় ১৪০ কোটি টাকার ব্যয়বরাদ্দ আগামী ১৯৯৪-৯৫ বাজেটে সংস্থান রাখার জন্য জোর দাবি জানাচ্ছি।